

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ফেব্রুয়ারি ১১, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহানগর দায়রা জজ এবং  
পদাধিকারবলে

মহানগর সিনিয়র স্পেশাল জজের কার্যালয়, ঢাকা।

বিজ্ঞপ্তি

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত আপনারা আসামীগণ জনাব মোঃ আজাদুল ইসলাম, মোঃ আবুল বাসার আহমেদ, মীর এনায়েত হোসেন, মোঃ আবু তারিক, মোঃ সোহেল রানা, মোঃ হাবিবুর রহমান, মোঃ জুনায়েত উল্লাহ-গণের বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারি রহিয়াছে এবং,

যেহেতু, এই আদালতের বিশ্বাস করার যুক্তিসঙ্গত কারণ রহিয়াছে যে, আপনারা পলাতক রহিয়াছেন এবং আপনাকে গ্রেফতার বা আপনাদেরকে বিচারে সোপর্দকরণ এড়াইবার জন্য আত্মগোপন করিয়াছেন এবং আপনাদেরকে আশু গ্রেফতার করিয়া বিচারে সোপর্দ করার সম্ভাবনা নাই,

সেহেতু, ১৯৫৮ সনের ক্রিমিনাল 'ল' এমেন্ডমেন্ট এ্যাক্টের ৬(১এ) ধারার বিধান অনুসারে তফসিল বর্ণিত মামলায় আপনাদেরকে আগামী ২৮-০২-১৯ ইং তারিখের মধ্যে অত্র আদালতে হাজির হওয়ার নির্দেশ দেওয়া গেল।

অন্যথায় আপনাদের অনুপস্থিতিতেই বিচার কার্য সম্পন্ন করা হইবে।

(১৪৫১)

মূল্য: টাকা ৪.০০

## তফসিল

ক্রমিক নং	পলাতক আসামীদের নাম ও ঠিকানা	মামলার নম্বর ও ধারা
১	জনাব মোঃ আজাদুল ইসলাম, সিনিয়র পোস্টমাষ্টার, ঢাকা জিপিও, ঢাকা। পিতা- এ,কে,এম, আনোয়ারুল ইসলাম, সাং- নতুনবাজার, থানা ও জেলা- নীলফামারী।	মেট্রোঃ বিশেষ মামলা নং-৫০/১৭ ধারাঃ-৪০৬/৪০২/৪০৯/১০৯ দন্ডবিধি এবং ১৯৪৭ সনের ২ নং দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারা।
২	জনাব মোঃ আবুল বাসার আহমেদ, পোস্টমাষ্টার (সঞ্চয়), ঢাকা জিপিও, ঢাকা। পিতা-মৃত কমর উদ্দীন আহমেদ, সাং-চাপাইন, পোঃ সি, আর, পি, থানা- সাভার, জেলা- ঢাকা।	
৩	জনাব মীর এনায়েত হোসেন, সহকারী পোস্টমাষ্টার (সঞ্চয়), ঢাকা জিপিও, ঢাকা। পিতা-মৃত মীর আঃ মজিদ, সাং- উত্তর কাজী কসবা, থানা-মিরকাদিম, জেলা-মুন্সিগঞ্জ।	
৪	জনাব মোঃ আবু তারিক, লেজার অপারেটর, ঢাকা জিপিও, ঢাকা। পিতা-মৃত আঃ গনি, সাং-মাতুয়াইল, থানা-যাত্রাবাড়ী, ডিএমপি, ঢাকা।	
৫	জনাব মোঃ সোহেল রানা, কাউন্টার অপারেটর, ঢাকা জিপিও, ঢাকা। পিতা-মোঃ সিরাজুল ইসলাম, সাং-বগাদী কান্দাপাড়া, উপজেলা-আড়াইহাজার, জেলা-নারায়ণগঞ্জ।	
৬	জনাব মোঃ হাবিবুর রহমান, পোস্টাল অপারেটর, হিসাব কষা শাখা, ঢাকা জিপিও, ঢাকা। পিতা-মৃত চাঁন মিয়া, সাং-কনিকারা, থানা-নবীনগর, জেলা-ব্রাহ্মণবাড়ীয়া।	
৭	জনাব মোঃ জুনায়েত উল্লাহ, পোস্টাল অপারেটর, পেমেন্ট কাউন্টার শাখা, ঢাকা জিপিও ঢাকা। পিতা-মোঃ আনিছুর রহমান ভুইয়া, সাং-টনকী, থানা-আখাউড়া, জেলা-ব্রাহ্মণবাড়ীয়া।	

কে,এম, ইমরুল কায়েশ  
মহানগর দায়রা জজ এবং  
পদাধিকারবলে  
মহানগর সিনিয়র স্পেশাল জজ, ঢাকা।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.